ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-৩১৫৬
আগরতলা, ১০ অক্টোবর, ২০২৫

**প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ**

গত ১৩ সেপ্টেম্বর ২০২৫ তারিখে আজকের ফরিয়াদ পত্রিকায় 'টার্গেট বাড়ছে, গুণমান কমছে রুডসেটি ও আরসেটি অস্তিত্ব সংকটের মুখে' শিরোনামে প্রকাশিত সংবাদটি গ্রামোন্নয়ন দপ্তরের নজরে এসেছে। এবিষয়ে দপ্তর থেকে এক স্পষ্টিকরণে জানানো হয়েছে যে, গ্রামীণ স্ব-কর্মসংস্থান প্রশিক্ষণ প্রতিষ্ঠান (RSETIs) বিভিন্ন ব্যাংক দ্বারা পরিচালিত হয়। বেকার যুবকদের স্ব-কর্মসংস্থানে আগ্রহী করে তোলার লক্ষ্যে এই প্রতিষ্ঠানগুলি কাজ করে। ভারত সরকারের গ্রামীণ উন্নয়ন মন্ত্রণালয় তাদের প্রধান কর্মসূচি NRLM-এর অধীনে RSETLs স্থাপন ও পরিচালনার জন্য ব্যাংকগুলিকে আর্থিক সহায়তা প্রদান করে আসছে। গ্রামীণ দরিদ্র সম্প্রদায়ের জন্য বিভিন্ন জীবিকার দিক থেকে স্ব-কর্মসংস্থানের প্রশিক্ষণ প্রদান করা হয়। RSETLs তাদের পৃষ্ঠপোষক ব্যাংকের সাথে পরামর্শ করে তাদের লক্ষ্য নির্ধারণ করে এবং MoRD দ্বারা অনুমোদিত হয়। ত্রিপুরায় বর্তমানে মোট ৪টি RSETI এবং ১টি RUDSETI কার্যকর রয়েছে। উন্নত প্রশিক্ষণ পরিকাঠামো প্রদানের জন্য ৪টি RSETI তাদের নিজস্ব ভবন তৈরি করেছে এবং ১টি নির্মাণাধীন। এই আর্থিক বছরে NRLM গোষ্ঠীকে প্রশিক্ষণের লক্ষ্যমাত্রা ৩১৯০ জন যা গত আর্থিক বছরে ৫০০০ জন ছিল। NSQF কোর্সে ক্যাম্পাস এবং ক্যাম্পাসের বাইরে উভয় ক্ষেত্রেই সার্টিফাইড ডোমিয়ান স্কিল প্রশিক্ষকদের দ্বারা প্রশিক্ষণ দেওয়া হয়। তাই যে খবরটি প্রকাশিত হয়েছে তা সঠিক নয় এবং ভিত্তিহীন।

*****